

নম্বরঃ ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২১-৪৫২

তারিখঃ ১৬ আগস্ট ২০২১

পরিপত্র

বিষয়ঃ বিদেশে অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ প্রতিরোধী ভ্যাক্সিন গ্রহণের আবেদনের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদেশে অধ্যয়নরত এবং গমনেছু বাংলাদেশের শিক্ষার্থীদের কোভিড-১৯ নিরোধী ভ্যাক্সিন প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্রের (নম্বরঃ ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২১-৪০১; তারিখঃ ১৩ জুলাই ২০২১, নম্বরঃ ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২১-৪০৯; তারিখঃ ২২ জুলাই ২০২১ এবং নম্বরঃ ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২১-৪১৭; তারিখঃ ২৭ জুলাই ২০২১) সূত্র ধরে শিক্ষার্থীদের চলমান আবেদন গ্রহণের সময়সীমা বাড়ানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

২। শিক্ষার্থীদের আবেদনের সময়সীমা ১৭ আগস্ট ২০২১ থেকে বর্ধিত করে ২৬ আগস্ট ২০২১, বিকাল ৫.০০ ঘটিকা করা হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের উপর্যুক্ত সময়সীমার মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, আবেদনের সময়সীমার পরে প্রাপ্ত আবেদনসমূহ গৃহীত হবে না।

৩। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্রের (নম্বরঃ ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২১-৪০১; তারিখঃ ১৩ জুলাই ২০২১) ২ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র [পাসপোর্ট, ভিসা (প্রযোজ্য ক্ষেত্রে), বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি কনফার্মেশন ডকুমেন্ট/ ছাত্র প্রমাণের সনদ/ স্টুডেন্ট আইডি) স্ক্যান পূর্বক একটি PDF/ZIP ফাইলে নিম্নলিখিত ইমেইল-এ বাধ্যতামূলকভাবে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

vaccine.coronacell@mofa.gov.bd

৪। সংশ্লিষ্ট সকলকে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্রের (নম্বরঃ ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২১-৪০৯; তারিখঃ ২২ জুলাই ২০২১) ২ নং অনুচ্ছেদ অনুযায়ী নিম্নলিখিত গুগল ফর্মের মাধ্যমে বাধ্যতামূলকভাবে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

<https://forms.gle/KPa33LddmSKFPezd7>

৫। সকলের অবগতির জন্য এই পরিপত্রটি জারি করা হল।

(রাশেদ আহমেদ)
সহকারী সচিব
করোনা সেল
পররাষ্ট্র মন্ত্রণালয়

ইমেইলঃ vaccine.coronacell@mofa.gov.bd

অনুলিপিঃ

১। জনকূটনীতি অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশের জন্য)

২। আইসিটি অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

মুজিববর্ষের কূটনীতি || প্রগতি ও সম্প্রীতি